

মেয়র আনিসুলের অবস্থা উন্নতির দিকে

✍ নিজস্ব প্রতিবেদক

🕒 প্রকাশিত: ০৯:৩৭ এএম, ১৮ আগস্ট ২০১৭



ফাইল ছবি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক এখনও লন্ডনের একটি হাসপাতালের নিবিড় পর্যবেক্ষণ কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন। তবে তার শারীরিক অবস্থা ধীরে ধীরে উন্নতি হচ্ছে।

শুক্রবার মেয়রের একান্ত সচিব মিজানুর রহমান জাগো নিউজকে এমন তথ্য জানিয়েছেন।

মিজানুর রহমান বলেন, সার্বক্ষণিক স্যারের (মেয়র) খোঁজখবর নিচ্ছি। স্যার এখনও আইসিইউতেই আছেন। আপনারা সবাই স্যারের জন্য দোয়া করবেন। চিকিৎসকরা আশা

করছেন, কিছুদিনের মধ্যে তার (আনিসুল হক) শারীরিক অবস্থার উন্নতি হবে।

জাগোনিউজের খবর পেতে ফলো করুন

আমাদের গুগল নিউজ চ্যানেল।

আনিসুল হক ‘সেরিব্রাল ভাসকুলাইটিসে’ নামে মস্তিষ্কজনিত রোগে আক্রান্ত হয়েছেন। গত দুই মাস ধরে তিনি এ রোগে ভুগছেন। গত ২৯ জুলাই শারীরিক চেকআপ ও পারিবারিক কাজে লন্ডনে যান তিনি। সোমবার তার দেশে ফেরার কথা ছিল। এরই মধ্যে হঠাৎ করে বেশি অসুস্থতা বোধ করায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়।

এএস/জেএইচ/পিআর